শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ

ISO 9001:2015 Certified

# ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১

মুক্তাগাছা, ময়মনসিংহ।

মুজিব শতবর্ষ MUJIB 100

Phone: 09028-75205, E-mail: gmmpbs1@gmail.com, Web: www. pbs1.mymensingh.gov.bd

স্মারক নং-২৭.১২.৬১৬৫.৫১৭.০১.০৩৮.২০২২. ৪২৯১

তারিখঃ ২৫/০৮/২০২২ খ্রিঃ
১০ ভাদ্র,১৪২৯ বঙ্গাব্দ

**বিষয়ঃ- "পিক-আপ গাড়ির টায়ার" সরবরাহের জন্য কোটেশন (RFQ) প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্র।**

প্রতি,

..................................

..................................

১. ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নিজস্ব তহবিলের আওতায় "পিক-আপ গাড়ির টায়ার" সরবরাহের লক্ষ্যে প্রকৃত ব্যবসায়ী/ সরবরাহকারী প্রতিষ্ঠানের নিকট হতে সীলমহরকৃত খামে কোটেশন পদ্ধতিতে (RFQ) দরপত্র আহবান করা যাচ্ছে।

২. "পিক-আপ গাড়ির টায়ার" সরবরাহের ইচ্ছুক সকল কোটেশন দাতা কর্তৃক "পিক-আপ গাড়ির টায়ার" সরবরাহের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ অফিস চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।

৩. এতদ সংগে সংযুক্ত 'কোটেশন দলিল' ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে। কোটেশন দলিল সমিতির ওয়েব সাইট www.pbs1.mymensingh.gov.bd হতে ডাউনলোড করে কোটেশনের সকল শর্তাদি পূরণ সাপেক্ষে দাখিল করতে হবে। নির্ধারিত কোটেশন ব্যতীত অন্য কোন কোটেশন বা ফরমে দরপত্র গ্রহনযোগ্য হবেনা অথবা আবেদনের মাধ্যমে ময়মনসিংহ পবিস-১ হতে কোটেশন দলিল সংগ্রহ পূর্বক দর দাখিল করা যাবে।

৪. নির্ধারিত কোটেশন দলিল যথাযথভাবে পূরণপূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লিখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারী কর্তৃক নির্ধারিত স্থানে অর্থাৎ ক) জেনারেল ম্যানেজার, ময়মনসিংহ পল্লী বিদ্যুৎ সমিতি-১ মুক্তাগাছা, ময়মনসিংহ অথবা খ) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২১৯ এর দপ্তরে রক্ষিত টেন্ডার বাক্সে দাখিল করতে হবে।

৫. কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

৬. সিলমোহরকৃত খাম আগামী-০১/০৯/২২খ্রিঃ **তারিখ এবং সময়-১১:০০ ঘটিকায়** কোটেশন ৪ নং অনুচ্ছেদে বর্নিত দপ্তরে দাখিল করা যাবে। কোটেশনের খামে "পিক-আপ গাড়ির টায়ার"সরবরাহের জন্য কোটেশন এবং আগামী-০১/০৯/২২খ্রিঃ তারিখ এবং সময় **বেলা ১১:০৫** এর আগে খোলা যাবে না লিখে অবশ্যই সুস্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উল্লিখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

৭. প্রাপ্ত দরপত্র সমুহ ০১/০৯/২২খ্রিঃ **তারিখ এবং সময় বেলা ১১:০৫ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেউ উপস্থিত থাকেন) খোলা হবে। দরপত্র বিজ্ঞপ্তি অত্র পবিস'র ওয়েব সাইট** www.pbs1.mymensingh.gov.bd**এ দেখা যাবে।**

৮. কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৬০ দিন পর্যন্ত সকল কোটেশন বৈধ থাকবে।

৯. কোটেশন দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশনসমূহ ক্রমিক নং-৪ এ বর্ণিত স্থান সমূহে যথাযথ কর্তৃপক্ষের ক্ষমতাপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক দরপত্র উন্মুক্ত করা হবে।

১০. "পিক-আপ গাড়ির টায়ার"সরবরাহের জন্য কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান কর্তৃক মালামাল সরবরাহের পর এবং সমিতির প্রতিনিধির মাধ্যমে মালামালের গুনগত মান সন্তোষজনক সাপেক্ষে গ্রহন করা হবে। সন্তোষজনকভাবে মালামাল সরবরাহের পর বিল দাখিল সাপেক্ষে একাউন্টপেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। পরিশোধযোগ্য বিল হতে সরকারী নিয়মানুযায়ী উৎসে কর আয়কর ও অন্যান্য কর (প্রয়োজ্য ক্ষেত্রে) কর্তন করা হবে।

১১. দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মুল্য পরিশোধ ও টাকায় করা হবে। কোটেশন দাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়, তবে তা চুক্তিকালীন সময়ে স্থির অংকে থাকবে।

১২. কোটেশনদাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে । কোটেশনদাতার যোগ্যতার প্রমাণ স্বরুপ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর ও ভ্যাট নিবন্ধন নম্বর এর সত্যায়িত অনুলিপি এবং কোনো তফসিলি ব্যাংক থেকে হালনাগাদ আর্থিক সচ্ছলতার সনদ দাখিল করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।

১৩. মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিলপত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩(তিন) টি গ্রহণ যোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৪. উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃতদর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশনদাতা বাধ্য থাকবে।

১৫. কার্যাদেশ জারীর তারিখ থেকে ৩০ (ত্রিশ) দিনের মধ্যে পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করতে হবে।

১৬. নির্ধারিত তারিখের মধ্যে মালামাল সরবরাহ করতে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য সরবরাহকৃত মালামালের চুক্তিমূল্যের ১% এর ১/১০ অংশ হিসেবে কর্তন করা হবে। জরিমানা মোট চুক্তি মূল্যের ১০%(দশ শতাংশ) এর অধিক হবে না। অন্যাথায় কার্যাদেশ বাতিল পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা হবে।

১৭. ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয়কার্য ক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

(মোঃ আক্তার হোসেন)
জেনারেল ম্যানেজার
ফোনঃ ০৯০২৮-৭৫২০৫

**অনুলিপিঃ বিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য আপনার দপ্তরের নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।**

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (কেঃ অঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা।
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি পরিদপ্তর বাপবিবো, ঢাকা (বাপবিবোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
০৩। জেলা প্রশাসক, ময়মনসিংহ।
০৪। পুলিশ সুপার, ময়মনসিংহ।
০৫। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সড়ক ও জনপথ বিভাগ, ময়মনসিংহ।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার-----------------পবিস-১/২/৩/৪।
০৭। নির্বাহী প্রকৌশলী (এসওডি), বাপবিবো, ময়মনসিংহ (দঃ) ।
০৮। ডিজিএম, (সদর-কারিগরী/মধুপুর/ফুলবাড়ীয়া/গোপালপুর/ঘাটাইল/ধনবাড়ী জোনাল অফিস), মপবিস-১
০৯। এজিএম (অর্থ-হিসাব/ওএন্ডএম/সঃ সেবা/ইএন্ডসি/এইচআর/ওএন্ডএম/আইটি-১/২/কালীবাড়ী/আছিম সাঃ জোঃ অঃ), মপবিস-১
১০। মেসার্স.............................................।
১১। জুনিয়র ইঞ্জিনিয়ার (আইটি-১) : ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশ প্রদান করা হলো।
১২। নোটিশ বোর্ড, মপবিস-১/ওয়েবসাইট Web: www.pbs1.mymensingh.gov.bd
১৩। অফিস/মাষ্টার কপি

(মোঃ আক্তার হোসেন)
জেনারেল ম্যানেজার